

“নিয়োগ বিজ্ঞপ্তি”

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগের উপজেলা-১ শাখার ০৬-০৪-২০১৭ খ্রি. তারিখের ৪৬.০৪৬.০১১.০০.০০.০১০.২০১৬-৪৬১ নং স্মারকের ছাড়পত্র মোতাবেক মুন্সীগঞ্জ জেলাধীন মুন্সীগঞ্জ সদর উপজেলা পরিষদে রাজস্ব খাতে সৃজিত পদ অস্থায়ী ভিত্তিতে পূরণের নিমিত্ত বাংলাদেশের স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ

শূণ্য পদের বিবরণ

ক্র. নং	পদের নাম	বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী)	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতা
১	২	৩	৪	৫
১	সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর	গ্রেড-১৪ ১০,২০০-২৪,৬৮০/-	০১ (এক) টি	১। কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। ২। টাইপিং এর ক্ষেত্রে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে (ক) বাংলা-২০ শব্দ, (খ) ইংরেজি-২৮ শব্দ ৩। শর্টহ্যান্ড এর ক্ষেত্রে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে (ক) বাংলা-৪৫ শব্দ, (খ) ইংরেজি-৭০ শব্দ

“শর্তাবলী”

- প্রার্থীকে জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রশাসন-১ শাখার ২৯.১২.২০১৪ খ্রিঃ তারিখের ০৫.১১০.০০০.০০.০০.০৮৯.১৪-০১ নং স্মারকে প্রণীত নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। আবেদন ফরম উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের নেজারত শাখা এবং www.mopa.gov.bd ও www.sadar.munshiganj.gov.bd হতে পাওয়া যাবে। আবেদন ফরম স্ব-হস্তে পূরণ করতে হবে।
- নির্ধারিত আবেদন ফরমের নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় তথ্য প্রদান করতে হবে।
- চাকুরীরত প্রার্থীগণকে তাদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। এক্ষেত্রে অগ্রিম কোন আবেদন গ্রহণ করা হবে না। তাছাড়া চাকুরীরত প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য হবে না।
- আগামী ০২/০৭/২০১৭ তারিখ বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে অবশ্যই চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মুন্সীগঞ্জ সদর বরাবর আবেদনপত্র সরাসরি/ডাকযোগে পৌছাতে হবে। নির্ধারিত তারিখের পর প্রাপ্ত আবেদন ও অসম্পূর্ণ বা ত্রুটিযুক্ত আবেদন কোন অবস্থাতেই গ্রহণযোগ্য হবে না।
- প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে। এ ক্ষেত্রে জাতীয় পরিচয় পত্র এবং জন্ম নিবন্ধনের সত্যায়িত অনুলিপি ১(এক) কপি করে মোট ০২(দুই) কপি আবেদনের সাথে দাখিল করতে হবে।
- আবেদনের সহিত আবেদনকারীর সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট আকারের সত্যায়িত ছবি, শিক্ষাগত যোগ্যতার সমর্থনে সংশ্লিষ্ট সার্টিফিকেট/প্রমাণপত্রের সত্যায়িত ছায়াছবি, ইউনিয়ন পরিষদ/পৌরসভার চেয়ারম্যান অথবা পৌর করপোরেশনের ওয়ার্ড কাউন্সিলরের নিকট হতে জাতীয়তা সম্পর্কিত সনদপত্র (সত্যায়িত) এবং ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তার নিকট হতে চারিত্রিক সনদপত্রসহ অন্যান্য সকল সনদের ক্ষেত্রে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/প্রতিষ্ঠান/অধিদপ্তর কর্তৃক প্রদেয় সনদের সত্যায়িত অনুলিপি আবেদনের সাথে দাখিল করতে হবে। এক্ষেত্রে সত্যায়নকারী কর্মকর্তার নাম, পদবি ও দপ্তর উল্লেখিত সিল থাকতে হবে।
- ০২/০৭/২০১৭ তারিখে প্রার্থীর বয়স ১৮ (আঠার) হতে ৩০ (ত্রিশ) বছরের মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান, এতিম ও প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ (বত্রিশ) বছর পর্যন্ত শিথিলযোগ্য। তবে মুক্তিযোদ্ধাদের পৌত্র ও পৌত্রীদের ক্ষেত্রে বয়স ৩০ বছরের মধ্যে হতে হবে। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।
- প্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান হলে সে ক্ষেত্রে তার পিতা-মাতার মুক্তিযোদ্ধা বিষয়ে প্রমাণের জন্য মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী/উপদেষ্টা কর্তৃক স্বাক্ষরিত ও বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের উপদেষ্টা মাননীয় প্রধানমন্ত্রী/প্রধান উপদেষ্টা কর্তৃক প্রতিস্বাক্ষরিত সাময়িক সনদের সত্যায়িত অনুলিপি আবেদনের সাথে দাখিল করতে হবে এবং উক্ত সনদের মূল কপি মৌখিক পরীক্ষার সময় দেখাতে হবে/দাখিল করতে হবে। এরূপ সনদপত্র ব্যতীত অন্য কোন সনদপত্র মুক্তিযোদ্ধা সনদপত্র হিসেবে গ্রহণযোগ্য হবে না।
- আবেদনের সংগে পরীক্ষার ফিস বাবদ ১০০/- (একশত) টাকা অফেরতযোগ্য মূল্যমানের ট্রেজারি চালান/বাংলাদেশ ব্যাংক/সোনালী ব্যাংক ট্রেজারী কোড নং-১-৩৭৩১-০০০০-২০৩১ এ জমা দিয়ে চালানোর মূল কপি আবেদনের সাথে সংযুক্ত করে চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মুন্সীগঞ্জ সদর, মুন্সীগঞ্জ অনকুলে প্রেরণ করতে হবে।
- খামের উপর মোটা অক্ষরে পদের নাম ও নিজ জেলার নাম উল্লেখ করতে হবে।
- প্রবেশপত্র ইস্যুর স্বার্থে আবেদনপত্রের সাথে নিজের নির্ভুল নাম ঠিকানা সম্বলিত ১০/- (দশ) টাকার অব্যবহৃত ডাকটিকিট সহ ১০”x ৪.৫” সাইজের একটি খাম সংযুক্ত করতে হবে।
- আবেদনপত্র গ্রহণ ও বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত। এ বিষয়ে কোন আপত্তি উত্থাপন করা যাবে না।
- কর্তৃপক্ষ প্রয়োজনবোধে যেকোন শর্ত সংযোজন, সংশোধন ও পরিবর্তন করতে পারবেন।
- বৈধ প্রার্থীগণকে লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টি.এ./ডি.এ প্রদান করা হবে না।
- কোটা সম্পর্কিত প্রচলিত সরকারী নীতিমালা এবং নিয়োগ সংক্রান্ত অন্যান্য সরকারি বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করা হবে।
- এছাড়া, নিয়োগ সংক্রান্ত সরকারি অন্যান্য শর্তাবলী অক্ষুন্ন থাকবে।

(আনিছ উজ্জমান)

চেয়ারম্যান

উপজেলা পরিষদ

মুন্সীগঞ্জ সদর, মুন্সীগঞ্জ